

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি  
এলেনবাড়ি, তেজগাঁও  
ঢাকা-১২১৫।

## সংবাদ বিজ্ঞপ্তি

বিআরটিএ'র ০৩টি ড্রাম্যমান আদালত কর্তৃক রাজধানী ঢাকা ও ঢাকার আশেপাশের এলাকায় আদালত পরিচালনার মাধ্যমে ৬০টি মামলায় ১ লক্ষ ৩৫হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.০৩২.০০৪.১৭-১৯৯

তারিখঃ ১৫-০১-২০১৮খ্রিঃ।


১৪ ও ১৫ জানুয়ারী, ২০১৮খ্রিঃ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকেল ০৫:০০ টা বিআরটিএ'র ০৩টি ড্রাম্যমান আদালত রাজধানী ঢাকা ও ঢাকার আশেপাশের এলাকায় মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর অধীনে সংঘটিত বিভিন্ন অনিয়ম/অপরাধের অভিযোগে ৬০টি মামলায় ১লক্ষ ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। যার বর্ণনা নিম্নে উল্লেখ করা হলো।

১। বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মুনবুর রহমান এর নেতৃত্বে একটি ড্রাম্যমান আদালত রাজধানী ঢাকার নিউমার্কেট এলাকায় ড্রাম্যমান আদালত পরিচালনা করে ১৯টি মামলায় ৩০,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়।

২। বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মাজহারুল ইসলাম এর নেতৃত্বে একটি ড্রাম্যমান আদালত রাজধানী ঢাকার ডেমরা স্টাফ কোয়ার্টার এলাকায় ড্রাম্যমান আদালত পরিচালনা করে মোটরযান অধ্যাদেশের অধীনে বিভিন্ন অনিয়মের অভিযোগে ১৮টি মামলায় ৬৩,০০০/- টাকা জরিমানা আদায় হয়।

৩। বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট মুহাম্মদ আব্দুর রহিম সুজন এর নেতৃত্বে একটি ড্রাম্যমান আদালত রাজধানীর ঢাকার মানিক মিয়া এভিনিউ এবং শ্যামলী এলাকায় অভিযান পরিচালনা করে ২৩টি মামলায় ৪২,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়।

পরিবহন সেক্টরে শৃঙ্খলা আনয়নের নিমিত্ত বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর আওতায় ড্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম অব্যাহত রয়েছে।

  
(নুর মোহাম্মদ মজুমদার)  
যুগ্ম সচিব  
পরিচালক (এনফোর্সমেন্ট)  
ফোনঃ ৫৮১৫৪৭০১

বিতরণঃ

বরাবর

সিটি এডিটর/সিনিয়র রিপোর্টার/স্টাফ রিপোর্টার

দৈনিক প্রথম আলো, দৈনিক ইত্তেফাক, দৈনিক যুগান্তর, দৈনিক আমাদের সময়, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক সমকাল, দৈনিক সকালের খবর, দি নিউ এজ, দি নিউ নেশন, দি ডেইলি স্টার, দৈনিক খবর, দৈনিক মানবজমিন, দৈনিক জনকণ্ঠ, দৈনিক আলোকিত বাংলাদেশ, দৈনিক আমার কাগজ, দৈনিক আজকের সংবাদ, দৈনিক সংবাদ, দৈনিক বণিক বার্তা, দৈনিক প্রভাত, দৈনিক ইনকিলাব, দৈনিক প্রতিদিনের সংবাদ, দৈনিক আমাদের অর্থনীতি, ঢাকা ট্রিবিউন, দৈনিক কালবেলা, দৈনিক ভোরের পাতা, দৈনিক সকালের সময়, দৈনিক খবরপত্র, দৈনিক আজকালের খবর।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। জনাব শাহজাহান কবীর, সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।